

# মাস্টার্সে সিজিপিএ-৪ পেলেন শিবির নেতা

অনলাইন ডেস্ক

২১ এপ্রিল, ২০২৫  
২২:৩৪

শেয়ার

অ +

অ -



**MD. MAZHARUL ISLAM**

📍 Kabi Jasimuddin Hall

Registration No

Exam Roll

Subject

Islamic Studies

Session

2018-2019

GPA

4.00

CGPA :

4.00

Result

Passed

সংগৃহীত ছবি

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার মানবসম্পদ উন্নয়নবিষয়ক সম্পাদক মো. মাজহারুল ইসলাম স্নাতকের ফলাফলে প্রথম স্থান অধিকার করে গোল্ড মেডেল পুরস্কার অর্জন করেছিলেন। এবার স্নাতকোত্তরের ফলাফলেও সিজিপিএ-৪ পেয়ে প্রথম স্থান অর্জন করেছেন তিনি।

জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ সেশনের ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মাজহারুল। চলতি বছরের জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা শিবিরের মানবসম্পদ উন্নয়ন বিষয়ক সম্পাদক হিসেবে নির্বাচিত হন তিনি।

এদিকে, এমন সাফল্যের অনুভূতি জানিয়ে মাজহারুল ইসলাম এক ফেসবুক পোস্টে বলেন, জুলাই অভ্যুত্থান ও পরবর্তী দিনগুলো পড়ালেখার জন্য বন্ধুর ছিল। জীবনের বহু দিকের সাথে পরিচয় ঘটেছে এ কয়েকমাসে। এতসব পেরিয়েও যা পেয়েছি তার সবটার কৃতিত্ব মহান আল্লাহ রব্বুল আলামিনের। আলহামদুলিল্লাহ, মাস্টার্সে ফাস্ট ক্লাস ফাস্ট হওয়ার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমার একাডেমিক জীবনের পরিসমাপ্তি ঘটলো।

সবার নিকট দোয়ার আর্জি।